

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৫৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৬৭]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৬৯ : পরস্পর বিদ্বেষ পোষণ, সম্পর্ক ছেদন এবং শত্রুতা পোষণ করার নিষেধাজ্ঞা

(269) بَابُ النَّهْيِ عَنِ التَّبَاغُضِ وَالتَّقَاطُعِ وَالتَّدَابُرِ

আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَبَاغُضُوا، وَلَا تَحَاسَدُوا، وَلَا تَدَابُرُوا، وَلَا تَقَاطَعُوا، وَكُونُوا عِبَادَ اللَّهِ إِخْوَانًا، وَلَا يَحِلُّ لِمُسْلِمٍ أَنْ يَهْجُرَ أَخَاهُ فَوْقَ ثَلَاثٍ». متفق عليه

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

[إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ] [الحجرات: ১০]

অর্থাৎ সকল ঈমানদাররা তো পরস্পর ভাই ভাই। (সূরা হুজুরাত ১০ আয়াত)

তিনি আরও বলেন,

[أَذَلَّةٌ عَلَى الْمُؤْمِنِينَ أَعِزَّةٌ عَلَى الْكَافِرِينَ] [المائدة: ৫৬]

অর্থাৎ তারা হবে ঈমানদারদের প্রতি কোমল ও কাকেরদের প্রতি কঠোর। (সূরা মায়দাহ ৫৪ আয়াত)

তিনি অন্যত্র বলেন,

[مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ] ❶ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ ❷ [الفتح: ২৭]

অর্থাৎ মুহাম্মাদ আল্লাহর রাসূল; আর তার সহচরগণ কাকেরদের প্রতি কঠোর এবং নিজেদের মধ্যে পরস্পরের প্রতি সহানুভূতিশীল। (সূরা ফাতহ ২৯ আয়াত)

১/১৫৭৫। আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা পরস্পরের প্রতি বিদ্বেষ পোষণ করো না, একে অপরের প্রতি হিংসাপরায়ণ হইয়ো না, পরস্পরের প্রতি শত্রুভাবাপন্ন হইয়ো না, পরস্পরের সাথে সম্পর্ক ছেদন করো না। তোমরা আল্লাহর বান্দা ভাই ভাই হয়ে যাও। আর কোন মুসলিমের জন্য এটা বৈধ নয় যে, সে তার (মুসলিম) ভাইয়ের সঙ্গে তিনদিনের বেশি কথাবার্তা বলা ত্যাগ করে।" (বুখারী, মুসলিম) [1]

English

(269) Chapter: Prohibition of Nursing Rancor and Enmity

Allah, the Exalted, says:

"The believers are nothing else than brothers (in Islamic religion)." (49:10)

"... humble towards the believers, stern towards the disbelievers ..." (5:54)

"Muhammad (PBUH) is the Messenger of Allah, and those who are with him are severe against disbelievers, and merciful among themselves." (48:29)

Anas bin Malik (May Allah be pleased with him) said:

The Prophet (ﷺ) said, "Do not harbour grudge against one another, nor jealousy, nor enmity; and do not show your backs to one another; and become as fellow brothers and slaves of Allah. It is not lawful for a Muslim to avoid speaking with his brother beyond three days."

[Al- Bukhari and Muslim].

Commentary: "Do not harbour grudge against one another" means that one should not say or do any thing which is likely to create ill-will and hatred in others. "Nor jealousy" signifies that if a Muslim is granted any blessing by Allah, one should not wish that he be deprived of it. "Do not show your backs to one another" means that if you come across one another, exchange salutations rather than avoid each other. Since all such things create conflict and dissension, these are strictly forbidden in Islam. Muslims are required to resume their conversation and contacts after a maximum period of three days. Any breach beyond this period is prohibited.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬০৫৬, ৬০৭৬, মুসলিম ২৫৫৯, তিরমিযী ১৯৩৫, আবু দাউদ ৪৯১০, আহমাদ ১১৬৬৩, ১২২৮০, ১২৬৪০, ১২৭৬৭, ১২৯৪১, মুওয়াত্তা মালিক ১৬৮৩

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=27944>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন